৬৪

দৈনিক সংবাদ

তারিখ 27 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

ফলোআপ

## প্রাথমিক শিক্ষকদের গণবদলি স্থগিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা মহানগরীর ২৩২ জন প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাকে গণহারে বদলির আদেশ স্থগিত করা হয়েছে।

গতকাল শনিবার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের জারি করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত শিক্ষকগণের সমন্বয় বদলি তাদের দায়িত্ব শেষ না হওয়া পর্যন্ত স্থগিত রাখতে হবে

বদলি : পৃঃ ৮ কঃ ৮

### বদলি : স্থগিত

( ১ম পৃষ্ঠার পর )

বিধায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত গত ২১শে আগস্ট জারি করা বদলির আদেশের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করা হলো। শিক্ষক-শিক্ষিকাগণ পুনরাদেশ না পাওয়া পর্যন্ত তাদের বর্তমান পদে নিজ নিজ বিদ্যালয়ে থেকে অর্পিত দায়িত্ব পালন করবেন।

গতকাল শনিবার 'প্রাথমিক শিক্ষকদের গণবদলি বিপাকে পড়বে শিক্ষার্থীরা' শিরোনামে একটি খবর প্রকাশিত হয়।